রেজিস্ট্রার্ড

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০০৬.১৭-৪০৬

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৫
১৬ জুলাই ২০১৮

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১.১২.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২২১৭.১৭-৪৩২ নং পত্রের সুপারিশক্রমে মোট ০১ (এক) জন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ টাকার বেতন স্কেলে “হিসাব রক্ষণ কর্মকর্তা” পদে নিম্নেবর্ণিত শর্তে নিয়োগ করা হইলঃ

| ক্রমিক নং | রেজিস্ট্রেশন নম্বর | নাম | পিতার নাম | স্থায়ী ঠিকানা | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ০০০১০৮ | জনাব মোঃ নাজমুল হুদা | মোঃ সাদেক উল্লাহ | গ্রামঃ মৈশাইর<br>ডাকঘরঃ বাহাদুর পুর<br>থানা/উপজেলাঃ আশুগঞ্জ<br>জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া |

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের আদেশক্রমে তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকার/কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়ের উপর নির্দিষ্ট মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ এই প্রশিক্ষণের সময়কাল বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজন বোধে সরকার/কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণের পূর্বে বা পরে তাঁহাকে অন্য যেকোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) বুনিয়াদি প্রশিক্ষণ ছাড়াও কর্তৃপক্ষের অভিপ্রায় অনুযায়ী তাঁহাকে পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) “হিসাব রক্ষণ কর্মকর্তা” পদে যোগদানের তারিখ হইতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং পাবলিক সার্ভিস কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং যদি শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হয়, তাহা হইলে তাঁহাকে চাকরিতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি আপনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উপ-অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল এ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) তাঁহার জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হইবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঝ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরুপ ক্ষেত্রে তাঁহার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ এবং নির্বাচন কমিশন সচিবালয়/সরকার/কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

\\150.1.190.50\Share\AO Shafiq\Assistant Director(PRO) Appointment Letter-2015.doc

(ঞ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। যদি উপরোল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয়, তবে আগামী ০১ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ/ ১৭ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে সম্মতিপত্রসহ "হিসাব রক্ষণ কর্মকর্তা" হিসাবে নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হইল। উক্ত তারিখে যোগদান না করিলে চাকরিতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭
মোবাইলঃ ০১৫৫০০৪২০৩২

নং ১৭.০০.০০০০.০১৫.১১.০০৬.১৭-৪০৬

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৫
১৬ জুলাই ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা
৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [সূত্রঃ তাঁহার ১১.১২.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২২১৭.১৭-৪৩২ নং পত্রের সুপারিশ অনুযায়ী] ।
৫। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, , ঢাকা।
৭। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৯। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, --------------------- (সকল) ।
১১। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও ঢাকা। বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সি.এন্ড.এজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১৪। নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।
১৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার–এর সদয় অবগতির জন্য)।
১৬-১৯। মাননীয় নির্বাচন কমিশনার, জনাব..........................................................-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার–এর সদয় অবগতির জন্য)।
২০। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

১৮-০৭-২০১৮

২১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ........................................... (সকল)।
২২। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................. (সকল)।
২৩। জনাব মোঃ নাজমূল হুদা, পিতা- মোঃ সাদেক উল্লাহ
স্থায়ী ঠিকানা- গ্রামঃ মৈশাইর, ডাকঘরঃ বাহাদুর পুর
থানা/উপজেলাঃ আশুগঞ্জ জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।
বর্তমান ঠিকানা- ৪১৫, কবি জসীম উদ্‌দীন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৮-০৭-২০১৮

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)

\\150.1.190.50\Share\AO Shafiq\Assistant Director(PRO) Appointment Letter-2015.doc